



## পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)

www.pksf-bd.org

### পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. এ.কে.এম নুরুজ্জামান  
সভার তারিখ : ৩০ এপ্রিল ২০১৭  
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা  
সভার স্থান : সভাকক্ষ (কক্ষ নম্বর-৫১০), পিকেএসএফ ভবন, ঢাকা-১২০৭

সভায় ইনোভেশন টিমের সকল সদস্য উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতেই বিগত সভার কার্যবিবরণী নিয়ে আলোচনা করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্র. নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত
১.	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সদস্যদের ৫ দিনের প্রশিক্ষণের জন্য কর্মকর্তার তালিকা তৈরি করে তা অনুমোদন করা এবং ৩১ মার্চ-এর মধ্যে তা চিঠির মাধ্যমে জানানো।	- সভাকে অবহিত করা হয় যে, ৫ দিনের প্রশিক্ষণের জন্য কর্মকর্তাদের নামের তালিকা পিকেএসএফ ব্যবস্থাপনার অনুমোদনক্রমে চূড়ান্ত করে তা বিগত ৩০/০৩/২০১৭ তারিখে BFID ও A2i-এ প্রেরণ করা হয়েছে।
২.	উদ্ভাবন বিষয়ে প্রণোদনা প্রদান প্রসঙ্গে।	- কর্মক্ষেত্রে উদ্ভাবন বিষয়ে কর্মকর্তাদের প্রণোদনা প্রদানের বিষয়ে আগামী ২০১৭-১৮ অর্থ-বছরের বাজেটে 'প্রণোদনা' বাবদ বাজেট বরাদ্দ রাখার বিষয়ে অনুমোদনের জন্য নথি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ এবং গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার বিষয়ে সকল সদস্যগণকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(ড. এ.কে.এম নুরুজ্জামান)  
উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম)

ও

ইনোভেশন অফিসার

**অনুলিপি:** সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। ব্যবস্থাপনা পরিচালক
- ২। উপ-ব্যবস্থাপনা পরিচালক (সকল)
- ৩। চিফ ইনোভেশন অফিসার, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
- ৪। পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সকল সদস্য
- ৫। নথি